

394

১৯৫১ সনের হজের আবেদনকারিগণের জন্য

বিশেষ জ্ঞাতব্য

বর্তমান বৎসরে সরকার হজরত পালনের জন্য ৭,০০০ ব্যক্তিকে বাংলাদেশ হইতে প্রেরণের সিদ্ধান্ত নিয়াছেন। এদের মধ্যে ৩,০০০ ব্যক্তি বিশেষ হ্রাসকৃত ভাড়ায় এবং ৪,০০০ ব্যক্তি স্বাভাবিক ভাড়ায় বিমানযোগে যাতায়াত করিবেন। বিশেষ হ্রাসকৃত বিমান ভাড়ায় এবং স্বাভাবিক বিমান ভাড়ায় গমনে ইচ্ছুক এই উভয় ক্ষেত্রেই নতুন ও হজে বদলের দরখাস্তকারিগণ তাহাদের নিজ নিজ জেলা প্রশাসকের অফিসে নির্ধারিত ফরমে দরখাস্ত করিবেন। বাংলাদেশের সকল তফসিলি ব্যাংক, সকল জেলা প্রশাসকের কার্যালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, শাহবাগ, ঢাকা) ও বঙ্গ হজ অফিস, পাহাড়তলী, চট্টগ্রাম অফিস হইতে বিনামূল্যে দরখাস্তের ফরম ও খাম পাওয়া যাইবে। জেলা প্রশাসকের অফিসে দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ১৪ই আগষ্ট, ১৯৫১ এবং ব্যালট অনুষ্ঠানের তারিখ ১৫ই আগষ্ট, ১৯৫১। সকল ক্ষেত্রেই হজযাত্রী ব্যালটের মাধ্যমে জেলা প্রশাসকের অফিসে বাছাই করা হইবে। কোন ব্যক্তি একের অধিক দরখাস্ত করিতে পারিবে না। বিশেষ হ্রাসকৃত বিমান ভাড়ায় গমনে দরখাস্তকারিগণ আবেদনপত্রের প্রথম পৃষ্ঠার ও খামের উপর "হ্রাসকৃত ভাড়ায় হজের দরখাস্ত" এই কথাগুলি লিখিবেন এবং দরখাস্তের সহিত নিম্নে বর্ণিত একটি সার্টিফিকেট যথাযথ স্বাক্ষরের পর সংযোজিত করিবেন :

এতদ্বারা আমি ঘোষণা করিতেছি যে, আমি.....পিতা/স্বামী.....গ্রাম.....পোঃ.....থানা.....জেলা..... নিম্ন আয়ের ব্যক্তি। জাহাজ পাওয়া গেলে আমি জাহাজে ডেক প্রণীর জন্ত আবেদন করিতাম। আমাকে আরকর দিতে হয় না।

স্বাভাবিক ভাড়ায় আবেদনকারিগণ ০২,৮৫২/- টাকা (যাতায়াত ভাড়া), পিলগ্রিম পাস বাবদ-১৭,৫০০/- টাকা এবং বৈদেশিক মুদ্রা বাবদ ১৫,০৪৯/- টাকা) জমা দিতে হইবে ও বিশেষ হ্রাসকৃত ভাড়ায় দরখাস্তকারিগণকে ২৮,৬৬০/- টাকা (যাতায়াত ভাড়া ও পিলগ্রিম পাস বাবদ-১০,০১১/- টাকা এবং বৈদেশিক মুদ্রা বাবদ ১৫,০৪৯/- টাকা) জমা দিতে হইবে।

হজ আবেদনকারিগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হইতে তাহাদের ব্যালটের ফলাফল জানিয়া ব্যালটে কৃতকার্য এবং ওয়েটিং তালিকাভুক্ত সকলেই শারীরিক পরীক্ষার জন্ত জেলা মেডিক্যাল বোর্ডের নিকট রিপোর্ট করিবেন এবং দশ টাকা ফী প্রদান করিয়া জেলা মেডিক্যাল বোর্ড হইতে কলেবা ও বসন্তের প্রতিষেধক সার্টিফিকেট গ্রহণ করিবেন।

বন্ধ, শারীরিকভাবে অসমর্থ ও পঙ্গু লোকদের হজ পালনের সুবিধার জন্ত সরকার বিমানযোগে বিশেষ হ্রাসকৃত ভাড়ায় ও স্বাভাবিক ভাড়ায় এই উভয় ক্ষেত্রেই হজযাত্রীর মোট আসন হইতে শতকরা ৭% ভাগ আসন হজ বদলের আবেদনকারিগণের জন্ত সংরক্ষিত রাখিয়াছেন। সুতরাং বন্ধ, শারীরিকভাবে অক্ষম, পঙ্গু ও আর্থিক অসচ্ছল ব্যক্তিগণকে নিজেরা হজের জন্ত দরখাস্ত না করিয়া পাবর্তে সক্ষম ব্যক্তিদিগকে হজে পাঠাইতে পরামর্শ দেওয়া যাইতে হইবে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

তথ্য-৫০৮০(৬/৮)
স-১৭৫০